'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## LCC1-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বিভক্তি কাকে বলে ? তিনটি বিভক্তির নাম লেখো।

(খ) উদাহরণসহ উপসর্গের সংজ্ঞা দাও।

(গ) অনুসর্গযোগে তিনটি শব্দ গঠন করো।

(ঘ) উদাহরণসহ অপিনিহিতির সংজ্ঞা দাও।

(ঙ) জোড়কলম শব্দ কিভাবে তৈরি হয় — উদাহরণসহ আলোচনা করো।

(চ) প্রত্যয় নির্ণয় করোঃ

বাবুগিরি, সাংবাদিক, ক্ষয়িষ্ণু, বর্তমান, পাগলামি, চরণ।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) প্রত্যয় কাকে বলে ? কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের পার্থক্য আলোচনা করো। কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দের দু'টি করে উদাহরণ দাও।

(খ) কারক ও বিভক্তি নির্ণয় করোঃ

(অ) রাম <u>তাস</u> খেলে।
(আ) তাদের <u>এখানে</u> ডেকে আনো।
(ই) <u>আমি</u> নিজের চোখে দেখেছি।
(ঈ) <u>দীনে</u> দয়া করো।
(উ) <u>বাঘে</u> মানুষ খায়।
(ঊ) সাদা <u>মেঘে</u> বৃষ্টি হয় না।

(গ) টীকা লেখোঃ

অভিশ্রুতি, লোকনিরুক্তি।

(ঘ) সমাস কাকে বলে ? সমাস কত প্রকার ও কী কী ? একটি করে উদাহরণ দাও।

(ঙ) সংস্কৃত ভাষায় উপসর্গের সংখ্যা কয়টি ও কী কী ? উপসর্গযোগে শব্দার্থের পরিবর্তন হয় এমন তিনটি শব্দের উদাহরণ দাও।

(চ) অতীতকালের চারটি বিভিন্ন রূপের উদাহরণসহ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

সমীভবন, স্বরসঙ্গতি, বর্ণবিপর্যয়, স্বরভক্তি।

(খ) উচ্চারণস্থান অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিভাগ আলোচনা করো।

(গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

(ঘ) ক্রিয়ার কাল ও তার রূপভেদগুলি উদাহরণসহ আলোচনা করো।

——×——